

[ধারা ৭ এর (১)নং উপ- ধারা দ্রষ্টব্য]

২০১৭ সনের ২১ নং আইনের আলোকে এল. এ. মামলা নং- ০৮/২০১৭-২০১৮

প্রসেস নং ৬৩

নোটিশ



তারিখ: ৩০.০৫.২০১৮ খ্রি:

প্রাপক:

এতদ্বারা স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ৭ ধারা মোতাবেক নোটিশ প্রদান করা যাইতেছে যে, সরকার নিম্নবর্ণিত তফসিলভুক্ত সম্পত্তি ঢাকা-চট্টগ্রাম পুরাতন জাতীয় মহাসড়কের ৪র্থ কিলোমিটার অংশে নির্মাণাধীন শাসনগাছা রেলওয়ে ওভারপাস এর সার্ভিস রোড নির্মাণ প্রকল্পের জন্য অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করিবার এবং তাহার দখল গ্রহণ করিতে মনস্থ ব্যক্ত করিয়াছেন;

অতএব, উক্ত সম্পত্তির মালিক/দখলদার/স্বার্থবান ব্যক্তিগণকে এতদ্বারা অনুরোধ জানান যাইতেছে যে, তাহারা যেন ব্যক্তিগতভাবে অথবা তাহাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে ০৭.০৬.২০১৮ খ্রি: তারিখে সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে এল. এ. শাখা, জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থিত হইয়া,

(১) উক্ত সম্পত্তিতে তাহার/তাহাদের স্বার্থের প্রকৃতি এবং উক্ত রূপ স্বার্থের ভিত্তিসহ দাবীর পূর্ণ বিবরণ প্রদান করেন এবং

(২) উক্ত সম্পত্তির অথবা উহার কোন অংশের অংশীদার, লীগহীতা অথবা অন্য কেহ উহাতে স্বার্থবান হইলে এবং উক্ত সম্পত্তি বাবদ তাহারা কেহ কোন স্বার্থ বা লাভ্যাংশ লাভ করিয়া থাকিলে উহার প্রকৃতি সম্পর্কে যতদূর সম্ভব বিবৃতি প্রদান করিবেন অথবা লিখিত বিবৃতি পেশ করিবেন।

(৩) শুনানীকালে প্রদর্শনের জন্য সকল দলিলাদি/কাগজপত্র সংগে আনিবেন;

তফসিল

মোজা: শাসনগাছা, বর্মপুর, জে.এল. নং- ২৮৫/২

উপজেলা: আদর্শ সদর,

জেলা: কুমিল্লা।

ক্র: নং	খতিয়ান নং		দাগ নং (আর. এস.)	বর্তমান জমির শ্রেণী	প্রস্তাবিত জমির পরিমাণ (একরে)	মন্তব্য
	আর. এস.	সৃজিত				
০১	১৭৩	১৮০, ৬২৬	৩০৭	দোকানভিটি/বাণিজ্যিক	০.০০৫৭	
০২	০৫		৩০৮	দোকানভিটি/বাণিজ্যিক	০.০০৮০	
০৩	০৫		৩১০	দোকানভিটি/বাণিজ্যিক	০.০০৫৫	
০৪	১৬৩	৫৫৩	৩১৪	দোকানভিটি/বাণিজ্যিক	০.০২০০	
০৫	১৬৩		৩১৩	দোকানভিটি/বাণিজ্যিক	০.০০৫২	
০৬	৭৬	৫৭৮, ১৬১৯	৩১৬	দোকানভিটি/বাণিজ্যিক	০.০০৯৪	
০৭	৭৪	৩৮৭, ৪৬৯	৩১৭	দোকানভিটি/বাণিজ্যিক	০.০০৩২	
০৮	৭৪	৪৬৯	৩১৮	দোকানভিটি/বাণিজ্যিক	০.০০৩৭	
০৯	১৫০	১৪৫১	৩১৯	দোকানভিটি/বাণিজ্যিক	০.০০৫৫	
১০	৭৮	৩১৯/২০৬, ৪৮৯, ৪৯০, ৪৯১	৩২১	দোকানভিটি/বাণিজ্যিক	০.০০৬৩	
১১	৭৭	৪৬৪	৩২২	দোকানভিটি/বাণিজ্যিক	০.০০৪৮	
প্রস্তাবিত মোট জমির পরিমাণ =					০.০৭৭৩একর	

জেলা প্রশাসক কুমিল্লা এর পক্ষে

মোছাম্মৎ রাশেদা আক্তার
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
কুমিল্লা।

অনুলিপি:

- ১। জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লার ওয়েব সাইড ও নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য।
- ২। উপজেলা ভূমি অফিস, আদর্শ সদর, কুমিল্লার ওয়েব সাইড ও নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য।
- ৩। সিটি কর্পোরেশন, কুমিল্লার ওয়েব সাইড ও নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য।
- ৪। পৌর এলাকা/ ইউনিয়ন ভূমি অফিস, আদর্শ সদর, কুমিল্লার ওয়েব সাইড ও নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য।
- ৫। ইউনিয়ন পরিষদ, আদর্শ সদর, কুমিল্লার ওয়েব সাইড ও নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য।